তারিখ ....25 APR 2016...
পৃষ্ঠা ..২০.. কলাম ..৫.. ......

দৈনিক
জনকণ্ঠ

গোয়েন্দা রিপোর্ট

# স্কুল ছাত্রীদের গোপনে কারাতে প্রশিক্ষণ দিচ্ছে জামায়াত

স্টাফ রিপোর্টার ॥ স্কুল ছাত্রীদের কারাতে প্রশিক্ষণ দিচ্ছে জামায়াত-শিবির! তাও আবার স্কুল প্রাঙ্গণেই। দেশের একাধিক স্থানে এ কার্যক্রম চালাচ্ছে তারা। রাজশাহী মহানগরীর খড়খড়ি বালিকা উচ্চ বিদ্যালয়ে ছাত্রীদের কারাতে প্রশিক্ষণের আড়ালে শিবির সাংগঠনিক কার্যক্রম চালাচ্ছে মর্মে সরকারের একটি গোয়েন্দা সংস্থার প্রতিবেদন নিয়ে মাঠে নেমেছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর (মাউশি)।

জানা গেছে, গোয়েন্দা সংস্থার প্রতিবেদন পেয়ে ঘটনা অনুসন্ধানে তদন্ত কমিটি গঠন করে কাজ করছে অধিদফতর। কাজও প্রায় শেষ পর্যায়ে।

মাউশির পরিচালক (মাধ্যমিক) অধ্যাপক এলিয়াছ হোসেন জনকণ্ঠকে বলেছেন, হ্যাঁ এ ধরনের একটি গোয়েন্দা

(১৯ পৃষ্ঠা ৪ কঃ দেখুন)

## স্কুল ছাত্রীদের

(২০-এর পৃষ্ঠার পর)

রিপোর্ট পেয়ে আমরা তদন্ত করছি। ইতোমধ্যেই তদন্ত শেষ হয়ে এসেছে।